

৪১০১০

২০১০ সাল থেকে কার্যকর হবে নতুন পদ্ধতিতে এসএসসি পরীক্ষা

মুস্তাক আহমদ

প্রকৃতি সম্পন্ন না হলে ২০১০ সাল থেকে নতুন পদ্ধতিতে হবে এসএসসি পরীক্ষা। শিক্ষা উপদেষ্টা আইয়ুব কান্দহী রোববার সাংবাদিকদের সঙ্গে আলোচনায় এ আভাস দিয়েছেন। এদিকে বছরের মাঝামাঝিতে এসে ২০০৯ সাল থেকে নতুন পদ্ধতিতে পরীক্ষা নেয়ার পরিকল্পনা ঘোষণায় অভিভাবকরা ক্ষুব্ধ। তারা শুধু সংবাদ সংকলন করেই কাঁপে হন। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট যন্ত্রসচিব এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালককে অভিভাবকদের পক্ষ থেকে উকিল নোটিশ দেয়া হয়েছে। ১০ দিনের সময় দিয়ে পাঠানো ওই নোটিশের জবাবের মেয়াদ শেষ হচ্ছে আগামীকাল। অভিভাবকরা জানিয়েছেন, তারা মামলার প্রকৃতি নিচ্ছেন। সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয় এসএসসিতে এমসিকিউ এবং লিখিত উভয় বিষয়ের প্রশ্নপত্রে ব্যাপক সংস্কার করে নতুন প্রশ্নপত্রে ২০০৯ সাল থেকে এসএসসি পরীক্ষা নেয়ার প্রস্তাবন জারি করেছে। সে অনুযায়ী বর্তমানে যারা নবম শ্রেণীতে অধ্যয়ন করছে তারা এই প্রশ্নপত্রের যত্নে এই পদ্ধতিতে পরীক্ষায় বসবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এসএসসির মতো বিদ্যালয়ের অভ্যন্তরীণ শিক্ষা কার্যক্রমেও এ বিষয়টি অনুশীলন (প্রাকটিন) করা হবে। কিন্তু বিপত্তি দেখা দিয়েছে বছরের মাঝামাঝিতে সিদ্ধান্ত

শিক্ষা উপদেষ্টা বলেন, মাত্র গতমাসে ঘোষণা দেয়ায় এখনই এই পদ্ধতি বাস্তবায়ন সম্ভব নয়

ঘোষণায়। অভিভাবক-শিক্ষকরা বিষয়টির বিপক্ষে অবস্থান নিয়েছেন। এ নিয়ে ৮ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিবকে (মাধ্যমিক) এবং মডিউল মহাপরিচালককে পাঠানো হয়েছে উকিল নোটিশ। যতিখিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের অভিভাবক শান্তিবাগের আয়েশা মাসুদের পাঠানো উকিল নোটিশে ১০ দিনের সময় দেয়া হয়েছে। এর মধ্যে এসএসসি পরীক্ষা পদ্ধতির কাঠামো পরিবর্তনের সিদ্ধান্ত বাতিল না করলে উচ্চ আদালতে মামলার কথা বলেছেন সংশ্লিষ্ট অভিভাবকরা। এছাড়া শনিবার রাত্তরানীর বিভিন্ন স্কুলের অভিভাবকরা ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশন কার্যালয়ে সংবাদ সংস্থাপনও করেন। তাতে অভিভাবকরা পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবি করেছিলেন। রোববার সাংবাদিকরা এ ব্যাপারে শিক্ষা উপদেষ্টার কাছে জানতে চাইলে তিনি বলেন, আমরা চেষ্টা করছি ২০০৯ সাল থেকে চালু করতে। যদি না হয় তবে ২০১০ সাল থেকেই এটা বাস্তবায়ন করা হবে। প্রশিক্ষকের প্রশিক্ষণ চলছে এখন। কিন্তু নতুন এ পদ্ধতিতে পাঠানোর পূর্ব একটা পার্শ্বতা হয় না। এটা ঠিক ২০০৯ সালের এ পদ্ধতিতে যারা পরীক্ষা দেবে, নবম শ্রেণীতে অধ্যয়নরত সেসব শিক্ষার্থীর ইতিবাচক ছয় মাস চলে গেছে। আর এটাই উত্ত্বোধনের বিষয়। তাই যদি সম্ভব না হয়, তবে এটা এয়ার করা এসএসসি : পৃষ্ঠা ২ : কলাম ৮

এসএসসি : নতুন পদ্ধতিতে

(৩য় পৃষ্ঠার পর) হবে না। তিনি স্বীকার করেন, মাত্র গত মাসে ঘোষণা দেয়ায় এখনই তা বাস্তবায়নের জন্য যথেষ্ট সময় নয়। তিনি ঠেলতি বছরটা দেখার কথা উল্লেখ করে বলেন, যদি মনে করি যে ২০০৯ সালের জন্য এটা সম্ভব নয়, তবে ২০১০ সালে চালু করা হবে। শুধু সমস্যা হবে না বলে তিনি মনে করেন। তবে ২০০৯ সাল থেকেই এটা বাস্তবায়ন সম্ভব বলে অনেক শিক্ষক জানিয়েছেন বলে তিনি সাংবাদিকদের জানান।